

Food, Civil Supplies & Consumer Affairs Department- Implementation of programmes within 100 days of the New State Government.

Pradhan Mantri Ujjwala Yojana :- The scheme aims to provide 8 crore security deposit-free LPG connections to women members from SECC list or BPL families covered under either any of the categories namely, SC/ST households, Pradhan Mantri Awas Yojana(PMAY) beneficiary, AAY beneficiary, Forest Dwellers, Most Backward Classes, Tea and ex-Tea Garden tribes etc. over a period of 4 years starting from FY 2016-17 i.e., upto 2019-20. The scheme also aims to replace the unclean cooking fuels mostly used in the rural India with the clean and more efficient LPG especially for the wellbeing of women who cook in '**chulas**' and have to suffer from respiratory problems.



The initial target for releasing LPG connection to 3.29 lakh beneficiaries under the scheme for the State of Tripura had subsequently been upwardly revised to 4.26 lakh families by the Govt. of India. At the same time, a target had also been set to bring 531 Villages consisting of a total 3,43,192 families under the category of "Smoke-less Villages" under Ujjwala Yojana as a part of Gram Swaraj Abhiyan(GSA) out of a total number of 1178 Villages in the State. This target has already been reached keeping in view of the first 100 days programme of the new Government. Under this Programme, new LPG connections have been provided to **1,00,344 families** within 100 days covering a period from 9th March,2018 to 16th June,2018 against a target of 75,000 families as fixed by the new State Government in its' first 100 days programme. As a result, a total of **1,41,447 families** have been provided with new LPG connections since inception of Pradhan Mantri Ujjwala Yojana(Aug,17) till 16th June,2018.

End-to-End Computerization of PDS Operation:- Food Security, Act,2013 was enacted in the parliament in the year,2013 to ensure food security by giving statutory right to food to the people of the country which was introduced in the State in September,2015. As per provisions of the Act, steps have been taken to bring all Fair Price related data and functions under digitized and on line mode for ensuring strengthen and transparent PDS in the State. As there is a direction from the Apex Court for making all PDS operations right from procurement to distribution through Fair Price Shop computer operated, the Department has already digitized all ration card data and introduced on-line operation of the entire distribution process in phase manner which culminated into distribution of ration commodities from FP Shops through e-POS Machine by way of bio-metric authentication. As a result, distribution of highly subsidized foodgrains to the genuine cardholders are being ensured. Under first 100 days programme of the new Government, target was set to bring 600 FP Shops of the State under e-POS System out of a total of 1806 FP Shops. The Department has already surpassed the target and successfully introduced e-POS devices in **1748 FP Shops** of the State within May,2018.



রাজ্য সরকারের ১০০ দিনের কর্মসূচীর সফল রূপায়নে
খাদ্য, জনসংভরন ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর

প্রধান মন্ত্রী উজ্জ্বলা যোজনা:

প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার মূল লক্ষ্য হচ্ছে দারিদ্রসীমার নীচে বসবাসকারী ও আর্থ-সামাজিকভাবে পিছিয়ে পড়া পরিবারের মহিলা সদস্যদের মধ্যে ৮ কোটি সিকিউরিটি ডিপোজিট মুক্ত এল.পি.জি. কানেকশন প্রদান করা। পাশাপাশি, এই প্রকল্পের আরও একটি উদ্দেশ্য হল গ্রামীণ এলাকায় মা-বোনদের স্বাস্থ্য সহায়ক পরিবেশে গৃহস্থালীর কাজ এবং উন্নত জীবনযাপনে সুবিধা প্রদান করা। প্রাথমিকভাবে রাজ্যের জন্য উজ্জ্বলা প্রকল্পে সুবিধাভোগীদের লক্ষ্যমাত্রা রাখা হয়েছিল ৩.২৯ লক্ষ। পরবর্তী পর্যায়ে কেন্দ্রীয় সরকার কর্তৃক এই লক্ষ্যমাত্রাকে বাড়িয়ে ৪.২৬ লক্ষ করা হয়েছে। পাশাপাশি, গ্রাম স্বরাজ অভিযানের অঙ্গ হিসাবে এই উজ্জ্বলা যোজনায় রাজ্যের ১১৭৮টি গ্রামের মধ্যে ৫৩১টি গ্রামকে ধোয়াহীন (Smoke-less) গ্রামে পরিণত করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে যার মধ্যে মোট পরিবারের সংখ্যা ৩,৪৩,১৯২টি। বর্তমান রাজ্য সরকারের প্রথম ১০০ দিনের কর্মসূচীকে সামনে রেখে ইতিমধ্যেই ৫৩১টি গ্রামকে ধোয়াহীন গ্রামে পরিণত করা হয়েছে। এই কর্মসূচীর আওতায় রাজ্য সরকারের প্রথম ১০০ দিনের কর্মসূচীতে ৭৫,০০০ পরিবারকে উজ্জ্বলা যোজনায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যমাত্রা থাকলেও ৯ই মার্চ, ২০১৮ ইং থেকে ১৬ই জুন, ২০১৮ পর্যন্ত নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অতিক্রম করে ১০০ দিনে মোট ১,০০,৩৪৪ টি পরিবারকে এল.পি.জি. সংযোগ বিতরণ করা হয়েছে। এর ফলে, উজ্জ্বলা যোজনার সূচনা পর্ব (আগস্ট, ২০১৭) থেকে এপর্যন্ত (১৬ই জুন, ২০১৮) রাজ্যে মোট ১,৪১,৪৪৭টি পরিবারকে এল.পি.জি. সংযোগ দেওয়া হয়েছে।

গণবন্টন ব্যবস্থার আধুনিকীকরণ :

দেশে সার্বজনীন খাদ্য নিরাপত্তা তথা খাদ্যের অধিকার সুনিশ্চিত করার লক্ষ্যে ২০১৩ সালে ভারতীয় সংসদ খাদ্য নিরাপত্তা আইন, ২০১৩ চালু করে। এই আইনটি পরবর্তী সময়ে সেপ্টেম্বর, ২০১৫ ইং থেকে ত্রিপুরা রাজ্যেও চালু হয়। এই আইনের সংস্থান অনুযায়ী রাজ্যে গণবন্টন ব্যবস্থাকে আরও সুদৃঢ় ও স্বচ্ছ করার লক্ষ্যে নায্যমূল্যের দোকানের তথ্য ও কার্যাবলীকে ডিজিটাইজড (Digitized) ও অন-লাইন (On-line) করার উদ্যোগ নেওয়া হয়। খাদ্য নিরাপত্তা আইনে সংস্থান রয়েছে সার্বজনীন গণবন্টন ব্যবস্থাকে স্বচ্ছ করার জন্য অন-লাইন ব্যবস্থা চালু করা হবে এবং সমস্ত তথ্য নাগরিকদের জন্য পোর্টালে সন্নিবিষ্ট করা হবে। গণবন্টন ব্যবস্থায় খাদ্য শস্য সংগ্রহ করা থেকে শুরু করে রেশন দোকানে বিতরণ পর্যন্ত সমগ্র প্রক্রিয়াটি কমপিউটার-নিয়ন্ত্রিত করার জন্য দেশের সর্বোচ্চ আদালতেরও নির্দেশ রয়েছে। সেই মত রাজ্যে রেশনকার্ড তথ্য ডিজিটাইজড করা হয় এবং ধাপে ধাপে সমগ্র বিতরণ প্রক্রিয়াটিকেও এর আওতায় আনা হয়। এর অঙ্গ হিসাবে রেশন দোকানগুলিতে ই-পজ (e-POS) মেশিন বসানো হয়েছে যার মাধ্যমে ভোক্তাদের আধার (বায়োমেট্রিক) ভিত্তিক রেশন সামগ্রী সরবরাহ ব্যবস্থা চালু করা হয়েছে। এর ফলে প্রকৃত ভোক্তাদের হাতে উচ্চ-ভর্তুকিযুক্ত খাদ্যশস্য প্রদান নিশ্চিত করা যাচ্ছে। রাজ্যের বর্তমান সরকারের ১০০ দিনের কর্মসূচীতে রাজ্যের মোট ১৮০৬টি রেশনদোকানের মধ্যে ৬০০ দোকানকে এই ব্যবস্থার আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারিত করা হয়। কিন্তু, দপ্তর ইতিমধ্যেই লক্ষ্যমাত্রা অতিক্রম করে (মে, ২০১৮ইং) মোট ১৭৪৮টি দোকানে সফল ভাবে এই ব্যবস্থা চালু করেছে।